



হালান্ডের জোড়া গোলে ব্রাজিলকে হারিয়ে কোয়ার্টার ফাইনালে নরওয়ে



ছবি: সংগৃহীত

আর্লিং হালান্ডের জোড়া গোলে ফিফা বিশ্বকাপের শেষ ষোলো থেকে ব্রাজিলকে ২-১ ব্যবধানে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উঠেছে নরওয়ে। এতে ৩৬ বছর পর রাউন্ড অব সিক্সটিন থেকেই বিদায় নিতে হলো পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নদের। একই সঙ্গে শেষ হলো ব্রাজিলের বহুল আলোচিত ‘মিশন হেক্সা’। রোববার (৫ জুলাই) বাংলাদেশ সময় দিবাগত রাত ২টায় যুক্তরাষ্ট্রের নিউ জার্সিতে অনুষ্ঠিত ম্যাচের প্রথমার্ধে গোলের দেখা পায়নি কোনো দল। ১৪ মিনিটে পাওয়া পেনাল্টিও কাজে লাগাতে পারেননি ব্রাজিলের ব্রুনো গিয়ারাইস। বিরতির পর দুই দলই আক্রমণাত্মক ফুটবল খেললেও গোল আসে ম্যাচের ৭৯তম মিনিটে। দুর্দান্ত হেডে নরওয়েকে এগিয়ে দেন হালান্ড। এরপর নির্ধারিত সময়ের ৮৯তম মিনিটে নিজের দ্বিতীয় গোল করে ব্যবধান ২-০ করেন তিনি। অতিরিক্ত সময়ে পেনাল্টি থেকে একটি গোল শোধ করেন নেইমার। তবে তাতে পরাজয় এড়াতে পারেনি ব্রাজিল। ২-১ গোলের জয় নিয়ে শেষ আট নিশ্চিত করে নরওয়ে। কোয়ার্টার ফাইনালে নরওয়ের প্রতিপক্ষ হবে মেক্সিকো ও ইংল্যান্ড ম্যাচের বিজয়ী দল।